



ইন্টিগ্রেটেড সুপারভিশন ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা।

Website: www.bb.org.bd

আইএসএমডি সার্কুলার লেটার নং-১

তারিখ : ১২ জ্যৈষ্ঠ ১৪২৯ বঙ্গাব্দ
২৬ মে ২০২২ খ্রিষ্টাব্দ

প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

Integrated Supervision System (ISS)-এ তথ্য দাখিল সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে ০৭ সেপ্টেম্বর ২০২০ তারিখে জারীকৃত আইএসএমডি সার্কুলার নং-১ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। উক্ত সার্কুলারের অনুচ্ছেদ নং-১.১ এ তফসিলি ব্যাংকের প্রধান কার্যালয় ও শাখাসমূহ কর্তৃক মাসিক ভিত্তিতে ISS Form 1 & 2 এ নির্ভুলভাবে তথ্যসমূহ সন্নিবেশকরত ফরমসমূহ পরবর্তী মাসের ২৫ তারিখের মধ্যে (২৫ তারিখ সাপ্তাহিক বা সরকারি ছুটি থাকলে পূর্ববর্তী কর্মদিবসে) বাংলাদেশ ব্যাংকের ওয়েব পোর্টালে (<https://ereturns.bb.org.bd>) আপলোড করে এ বিভাগকে অবহিত করার নির্দেশনা রয়েছে। অপরদিকে, অনুচ্ছেদ নং-১.৮ এ আইএসএস-এ দাখিলকৃত (শাখা এবং প্রধান কার্যালয়ের) তথ্যের নির্ভুলতা নিশ্চিতকরণে সংযোজনী-১ এ বর্ণিত নমুনা মোতাবেক সংশ্লিষ্ট মাসের প্রত্যয়নপত্র পরবর্তী মাসের ৩০ তারিখের মধ্যে এ বিভাগে দাখিল করার নির্দেশনা রয়েছে।

৩। এক্ষেত্রে, অনুচ্ছেদ নং-১.১ এবং ১.৮ এর নির্দেশনাসমূহ নিম্নরূপভাবে প্রতিস্থাপিত হবে :

অনুচ্ছেদ নং-১.১ঃ “তফসিলি ব্যাংকের প্রধান কার্যালয় ও শাখাসমূহ কর্তৃক মাসিক ভিত্তিতে ISS Form 1 & 2 এ নির্ভুলভাবে তথ্যসমূহ সন্নিবেশকরত ফরমসমূহ পরবর্তী মাসের শেষ দিবসের (শেষ দিবস ছুটি থাকলে পরবর্তী কর্মদিবসে) মধ্যে বাংলাদেশ ব্যাংকের ওয়েব পোর্টালে (<https://ereturns.bb.org.bd>) আপলোড করে এ বিভাগকে অবহিত করতে হবে।”

অনুচ্ছেদ নং-১.৮ঃ “আইএসএস-এ দাখিলকৃত (শাখা এবং প্রধান কার্যালয়ের) তথ্যের নির্ভুলতা নিশ্চিতকরণে সংযোজনী-১ এ বর্ণিত নমুনা মোতাবেক সংশ্লিষ্ট মাসের প্রত্যয়নপত্র তথ্য দাখিলের পরবর্তী ৫ (পাঁচ) কর্মদিবসের মধ্যে এ বিভাগে প্রেরণ করতে হবে।”

৪। আইএসএমডি সার্কুলার নং-১/২০২০ এ বর্ণিত অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(হিমাংশু লস্কর)

মহাব্যস্থাপক

ফোন : ৫৭১৬৫৯০১